# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 24-03-2025 Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) আরজি কর হাসপাতালে তরুনী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় বৃহত্তর ষড়যন্ত্রের তত্বকে সিবিআই কখনো মান্যতা দিয়েছে কিনা, কলকাতা হাইকোর্ট তা নিয়ে প্রশ্ন তুলেছে।

২) হাওড়ার বেলগাছিয়া ভাগাড় এলাকায় ভূমিধ্বসের জেরে চরম সঙ্কটে পড়া স্থানীয় বাসিন্দাদের পূণর্বাসন সহ যাবতীয় সমস্যা মেটাতে রাজ্য সরকার দ্রুত পদক্ষেপ করবে বলে আশ্বাস দিয়েছে।
এদিকে, এই পরিস্থিতিতে আজও ছিল এলাকা উত্তপ্ত।

৩) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ আন্তর্জাতিক যক্ষ্মা নিবারণ দিবস পালিত হচ্ছে।

৪) পশ্চিম মেদিনীপুরের কলাইকুন্ডায় কেন্দ্র একটি বিমানবন্দর তৈরির উদ্যোগ নিয়েছে।

৫) খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের সঙ্গে যুক্ত মহিলাদের আত্মনির্ভর করে তুলতে রাজ্য সরকার তাদের ঋণ দেবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

আরজি কর হাসপাতালে তরুনী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় বৃহত্তর ষড়যন্ত্রের তত্বকে সিবিআই কখনো মান্যতা দিয়েছে কিনা, কলকাতা হাইকোর্ট তা নিয়ে প্রশ্ন তুলেছে। **সুপ্রিম কোর্টের নির্দেশ মোতাবেক উচ্চ আদালতে আজ আরজি কর**

মামলার শুনানির সময় সিবিআইকে বিচারপতি তীর্থঙ্কর ঘোষের একগুচ্ছ প্রশ্নবাণের সম্মুখীন হতে হয় । কতদূর তদন্ত এগিয়েছে, এই মুহূর্তে তদন্তকারীরা কী করছেন, কোন কোন ধারায় চার্জ গঠন করা হয়েছে, সাজাপ্রাপ্ত ব্যক্তিই একমাত্র অভিযুক্ত কিনা এধরনের যাবতীয় প্রশ্নের উত্তর সম্বলিত কেস ডায়েরি আগামী ২৮শে মার্চ জমা দিতে বলেছে কলকাতা হাইকোর্ট। ওই দিনই মামলার পরবর্তী শুনানি।

এর আগে মৃতার পরিবারের পক্ষে আইনজীবী সুদীপ্ত মৈত্র আদালতের নজরদারিতে তদন্তের দাবি জানান। সিবিআইয়ের আইনজীবী রাজদীপ মজুমদার জানান, এই মামলার তদন্তকারী আধিকারিক কলকাতার বাইরে থাকায় এই সংক্রান্ত রিপোর্ট দিতে সময় লাগবে। রাজ্যের আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায়, কলকাতা হাইকোর্টে এই আবেদন করার আদৌ আইনসঙ্গত অধিকার আছে কিনা তা নিয়ে সংশয় প্রকাশ করে প্রশ্ন তোলেন। শুনানির পর আদালত চত্বরে নির্যাতিতার মা সাংবাদিকদের বলেন, এতদিনে কিছুটা আশার আলো তারা দেখতে পাচ্ছেন।

(বাইট- অভয়া মা)

এদিকে, আর জি কর-এর ঘটনায় প্রকৃত ন্যায় বিচার না হলে রাজ্যে স্বাস্থ্য ক্ষেত্রে ব্যাপক দুর্নীতি ও জাল ওষুধের কারবার বন্ধ করা যাবে না বলে সার্ভিস ডক্টর ফোরাম সাধারণ সম্পাদক ডাক্তার সজল বিশ্বাস দাবি করেছেন। তিনি আজ সিজিও কমপ্লেক্স অভিযানে যোগ দিয়ে বলেন –

(বাইট – সজল বিশ্বাস)

উল্লেখ্য, আর জি কর-এর ঘটনায় সাপ্লিমেন্টারি চার্জশিটের দাবিতে ডাক্তার ও নার্সদের সংগঠন মেডিকেল সার্ভিস সেন্টার, সার্ভিস ডক্টর্স ফোরাম ও নার্সেস ইউনিটির পক্ষ থেকে আজ সল্টলেকের সিজিও কমপ্লেক্স অভিযান করা হয়।

অন্যদিকে, পুলিশ ওই অভিযান বাধা দেয় বলে অভিযোগ। এই নিয়ে এলাকায় তুমুল উত্তেজনা সৃষ্টি হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

হাওড়ার বেলগাছিয়া ভাগাড় এলাকায় ভূমিধ্বসের জেরে আজো সারাদিন পরিস্থিতি ছিল উত্তপ্ত । চরম সঙ্কটে পড়া স্থানীয় বাসিন্দাদের পূণর্বাসন সহ যাবতীয় সমস্যা মেটাতে রাজ্য সরকার দ্রুত পদক্ষেপ করবে বলে পুরমন্ত্রী ফিরহাদ হাকিম আজ ভাগাড় পরিদর্শন করে স্থানীয় বাসিন্দাদের আশ্বাস দেন।

এরই মধ্যে বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও দলের নেতা শঙ্কর ঘোষ এলাকায় ঢোকার চেষ্টা করতে পরিস্থিতি আরও ঘোরালো হয়ে ওঠে। ধাক্কাধাক্কির সময় এক পুলিশ কর্মী তাঁর হাতে আঘাত করে রক্তাক্ত করে দিয়েছেন বলে বিরোধী দলনেতা অভিযোগ করেন।

আমাদের প্রতিনিধির প্রতিবেদন -

(ভয়েসকাস্ট – অভিরূপ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে বেলগাছিয়া ভাগাড় অঞ্চলের সাধারণ মানুষ চরম দুর্ভোগের শিকার হচ্ছেন অথচ এই নিয়ে প্রশাসন নির্বিকার এই অভিযোগে ও তার প্রতিবাদে আজ হাওড়া সদর বিজেপির উদ্যোগে হাওড়া কর্পোরেশনে ডেপুটেশন কর্মসূচি নেওয়া হয়। কয়েকশ বিজেপি কর্মী সমর্থকেরা হাওড়া ময়দান থেকে মিছিল করে হাওড়া কর্পোরেশনের কাছে রাস্তায় বসে পড়ে। হাওড়া পুর নিগমে স্মারকলিপি দেন হাওড়া সদর বিজেপি নেতৃবৃন্দ|

হাওড়ার বেলগাছিয়াতে বিক্ষোভ প্রদর্শনের সময় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আহত হওয়ার ঘটনার প্রতিবাদে আজ বিকালে, মেদিনীপুর শহরে জেলা শাসকের দপ্তরের সামনে  টায়ার জ্বালিয়ে বিক্ষোভ প্রদর্শন করেন বিজেপি কর্মী সমর্থকরা।

oooooooooooooooooooooo

মহকুমা শাসকের উপস্থিতিতে উত্তর ২৪ পরগনার পানিহাটি পৌরসভার নয়া পৌর প্রধান হিসেবে শপথ গ্রহণ করলেন সোমনাথ দে। পাশে ছিলেন প্রাক্তন পৌর প্রধান মলয় রায় এবং সমস্ত পৌরপিতা পৌর মাতা এবং সিআইসি। শপথ নিয়েই উন্নত পানিহাটি করার লক্ষ্যে উদ্যোগী হবেন বলে জানালেন নবনির্বাচিত পৌর প্রধান সোমনাথ দে।

ooooooooooooooooooo

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ আন্তর্জাতিক যক্ষ্মা নিবারণ দিবস পালিত হচ্ছে। ১৮৮২ সালের এই দিনেই বিজ্ঞানী রবার্ট কচ আবিষ্কার করেছিলেন যক্ষ্মার জীবাণু। বায়ুবাহিত এই সংক্রামক রোগ প্রতিরোধে কেন্দ্রের পাশাপাশি  রাজ্য সরকারও বিভিন্ন উদ্যোগ নিয়েছে। পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অন্তর্গত রাজ্য টিবি সেলের সিনিয়র মেডিক্যাল অফিসার ডাক্তার স্বপ্না মুখোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন সরকার ২০২৫ সালের মধ্যে দেশকে যক্ষ্মামুক্ত করার লক্ষ্যমাত্রা নিয়েছে। এই রোগ নির্মুলকরণে নেওয়া হয় ১০০ দিনের বিশেষ কর্মসূচীও। সারা দেশের সঙ্গে - কলকাতা, উত্তর ২৪ পরগনা, মালদা , দক্ষিণ দিনাজপুর, কালিম্পং সহ পশ্চিমবঙ্গের ১৯ টি জেলায় চলে এই অভিযান।

(বাইট – স্বপ্না মুখোপাধ্যায়)

কলকাতা পুরসভার স্বাস্থ্য বিভাগের উদ্যোগে আজ পুর ভবনে যক্ষ্মা নির্ণয় চিকিৎসা ও রোগ নির্ণয়ের বিষয়ে এক আলোচনাচক্রের আয়োজন করা হয়। কলকাতা পুরসভার ডেপুটি মেয়র অতীন ঘোষ আলোচনাসভায় বলেন, পুরসভার সবকটি স্বাস্থ্য কেন্দ্রেই যক্ষ্মা নির্ণয়, চিকিৎসা ও ওষুধ দেওয়ার ব্যবস্থা রয়েছে। গত বছর পুর এলাকায় ১২ হাজার

২১৩ জন যক্ষ্মা আক্রান্তকে সনাক্ত করা হয়েছে বলে পরিসংখ্যান দিয়ে তিনি জানান। যক্ষ্মা আক্রান্তরা যাতে দীর্ঘ মেয়াদী ওষুধ খাওয়ার বিষয়টি অবহেলা না করেন, সেজন্য পুরসভার প্রতিটি স্বাস্থ্য কেন্দ্রে রাখা হয়েছে ড্রাগ প্রোভাইডার। দেশের মধ্যে কলকাতাতে এধরনের উদ্যোগ সর্ব প্রথম বলেও তিনি উল্লেখ করেন।

আলোচনাসভায় পুরসভার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাক্তার সুব্রত রায় চৌধুরী বলেন, পুরসভার চেষ্টায় মহানগরিতে যক্ষ্মা আক্রান্তের সংখ্যা কমেছে। রোগ নিয়ন্ত্রণের ক্ষেত্রে এটি এক উল্লেখযোগ্য পদক্ষেপ।

(বাইট – সুব্রত)

বিভিন্ন জেলা থেকেও দিনটি পালনের খবর এসেছে।

oooooooooooooooooooooooooo

পশ্চিম মেদিনীপুরের খড়্গপুরের কলাইকুন্ডায় একটি বিমানবন্দর তৈরির জন্যে এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়া এ এ আই , রাজ্য সরকারের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছে। কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী রামমোহন নাইডু আজ রাজ্যসভায় , এই বিমানবন্দর তৈরির অগ্রগতি নিয়ে বিজেপি সাংসদ শমীক ভট্টাচার্যর এক প্রশ্নের উত্তরে এ কথা জানান।

তিনি আরও বলেন, জমি অধিগ্রহনের কাজ মিটলেই গোটা প্রক্রিয়া এগোবে। উল্লেখ্য বিমান পরিবহন পরিকাঠামো শক্তিশালী করে ছোট শহরগুলির মধ্যে বিমান যোগাযোগ বৃদ্ধি করতে কেন্দ্রীয় সরকার কলাইকুন্ডায় একটি বিমানবন্দর তৈরির পরিকল্পনা করে। এইজন্যে ৩৮ দশমিক ২/ ৫ একর জমির প্রয়োজন।

oooooooooooooooooo

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের সঙ্গে যুক্ত স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের আত্মনির্ভর করে তুলতে রাজ্য সরকার এবার তাদের ঋণ দেবে। উদ্যানপালন দফতরের তরফ থেকে এই প্রথম এধরণের উদ্যোগ নেওয়া হচ্ছে।

'প্রধানমন্ত্রী ফরমালাইজেশন অব মাইক্রো ফুড প্রসেসিং এন্টারপ্রাইজ' নামের একটি কেন্দ্রীয় প্রকল্পের আওতায় একজন মহিলা সর্বাধিক ৪০ হাজার টাকা মূলধন বা সিড ক্যাপিটাল হিসেবে ঋণ পাবেন। এজন্য তাদের নির্ধারিত প্রক্রিয়ায় আবেদন করতে হবে। যে সব আবেদন মঞ্জুর হবে, প্রকল্পটির মাধ্যমে সেই মতো আর্থিক অনুমোদন দেবে উদ্যানপালন দপ্তর।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo